# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date: 09.05.2024** **Time: 7.50 P.M.**

বিশেষ বিশেষ খবর –

১) লোকসভা নির্বাচনের চতুর্থ দফায় ৫৭৯ কোম্পানী কেন্দ্রীয় বাহিনী মোতায়েন করা হয়েছে। পাশাপাশইথাকবে ৩০ হাজারের বেশি রাজ্য পুলিশ।

চতুর্থ ও পঞ্চম দফার জন্য সংকটপ্রবণ ভোটকেন্দ্রের তালিকা আজ প্রকাশ করেছে নির্বাচন কমিশন।

২) লোকসভা নির্বাচনের ষষ্ঠ দফায় এরাজ্যের ৮ টি আসনের জন্য মনোনয়ন পত্র প্রত্যাহারে সময়সীমা আজ শেষ হয়েছে।

৩) সন্দেশখালিতে ভাইরাল ভিডিও নিয়ে তৃণমূল কংগ্রেস আজ নির্বাচন কমিশনের দ্বারস্থ হয়।

এদিকে বিজেপি বলেছে, যত ভিডিও প্রকাশ করা হবে, সেখানে প্রতিবাদ আন্দোলন ততই বাড়বে।

৪) রাজ্যপালের বিরুদ্ধে শ্লীলতাহানির অভিযোগের প্রেক্ষিতে রাজভবনের তরফে আজ দুটি সিসিটিভি ফুটেজ প্রকাশ করা হয়েছে।

৫) ঘূর্ণাবর্ত এবং অক্ষরেখার প্রভাবে রাজ্যের বিভিন্ন জেলায় আজ সারাদিনে ঝড়-বৃষ্টি হচ্ছে।

-----------------------------------------------------------------------------------

রাজ্যে লোকসভা নির্বাচনের চতুর্থ দফায় মোট ৫৭৯ কোম্পানি কেন্দ্রীয় বাহিনীর মোতায়ন করা হচ্ছে। এর পাশাপাশি ৩০ হাজারের বেশি রাজ্য পুলিশ ভোটের নিরাপত্তায় বহাল থাকবে। চতুর্থ দফায় আগামী সোমবার ১৩ মে রাজ্যের ৫ জেলার ৮ আসনে ভোট নেওয়া হবে। পূর্ব বর্ধমান জেলায় সর্বাধিক ১৫২ কোম্পানি কেন্দ্রীয় বাহিনী মোতায়ন করা হবে বলে নির্বাচন কমিশন জানিয়েছে। বীরভূমে মোতায়েন থাকবে ১৩১ কোম্পানি কেন্দ্রীয় বাহিনী।

এছাড়া আসানসোল দুর্গাপুর পুলিশ কমিশনারেটের ৮৮ কোম্পানি,কৃষ্ণনগর পুলিশ জেলায় ৮১ কোম্পানি, মুর্শিদাবাদ পুলিশ জেলায় ৭৩ কোম্পানি , রানাঘাট পুলিশ জেলায় ৫৪ কোম্পানি কেন্দ্রীয় বাহিনী মোতায়েন থাকবে।

------------------------------

এদিকে,  চতুর্থ এবং পঞ্চম দফায় রাজ্যের ক্রিটিকাল বা সংকট প্রবণ ভোটকেন্দ্রের তালিকা আজ প্রকাশ করেছে নির্বাচন কমিশন। ওই দুই পর্বে দক্ষিণবঙ্গের ৮ জেলার ১৫টি লোকসভা আসনে ভোট নেওয়া হবে। কমিশনের প্রকাশিত তালিকা অনুযায়ী চতুর্থ দফায় ৮টি লোক সভা কেন্দ্রের মোট ১৫ হাজার ৫০৭টি ভোটকেন্দ্রের মধ্যে ৩ হাজার ৬৪৭ টিকে সংকট প্রবণ হিসেবে চিহ্নিত করা হয়েছে। এর মধ্যে বোলপুর কেন্দ্রে সর্বাধিক ৬৫৯ টি ভোট কেন্দ্র সংকট প্রবণ। সবথেকে কম সংকট প্রবণ ভোট কেন্দ্র রয়েছে বর্ধমান পূর্বে- ৩০১ টি।

একইরকমভাবে পঞ্চম দফায় সাতটি লোকসভা আসনের ১৩ হাজার ৪৮১ ভোট কেন্দ্রের মধ্যে ৭ হাজার ৭১১টিকে সংকট প্রবণ হিসেবে চিহ্নিত করা হয়েছে নির্বাচন কমিশনের তরফে। এই পর্বে সর্বাধিক রয়েছে হুগলিতে- ১৭৮৭টি। সব থেকে কম

সংকট প্রবণ ভোটকেন্দ্রে রয়েছে বনগাঁয়- ৫৫০ টি। এছাড়া আরামবাগের ১৭৭০, শ্রীরামপুরের ১২৩৬, ব্যারাকপুরে ১০৫৯ উলুবেরিয়ায় ৬৯৪ এবং হাওড়ায় ৬০৫ টি ভোট কেন্দ্র সংকট প্রবণ হিসেবে চিহ্নিত হয়েছে।

------------------------------

এদিকে, লোকসভা নির্বাচনে গত তিন দফার মতোই চতুর্থ দফার ভোটপর্বও অবাধ ও শান্তিপূর্ণ করতে নির্বাচন কমিশন বেশ কিছু ব্যবস্থা নিচ্ছে, গুরুত্ব দেওয়া হয়েছে ওয়েব কাস্টিং এর উপর। উপ নির্বাচন কমিশনার নীতেশ বেয়াসের নেতৃত্বে নির্বাচন কমিশনের অন্য আধিকারিকদের সঙ্গে মুখ্য নির্বাচন আধিকারিক আরিজ আফতাব আজ এক জরুরী বৈঠকে বসেন। সেখানে কেন্দ্রীয় বাহিনী মোতায়েন নিয়েও আলোচনা হয়।

বিশেষ সাধারণ পর্যবেক্ষক অলোক সিনহা ও পুলিশ পর্যবেক্ষক অনিল কুমার শর্মা আজ সিউড়ি থেকে চতুর্থ দফার সংশ্লিষ্ট জেলার নির্বাচনী আধিকারিক ও পুলিশ সুপারদের সঙ্গে ভিডিও কনফারেন্সে বৈঠক করেন। মুখ্য নির্বাচনী আধিকারিকও ঐ কনফারেন্স কলে যুক্ত ছিলেন।

উল্লেখ্য, চতুর্থ দফায়য় রাজ্যে বহরমপুর, কৃষ্ণনগর, রানাঘাট, বর্ধমান-পূর্ব, বর্ধমান-দুর্গাপুর, আসানসোল, বীরভূম ও বোলপুর – এই ৮ টি আসনে ভোট নেওয়া হবে। এর মধ্যে অন্যতম নজরকাড়া কেন্দ্র হল কৃষ্ণনগর। আমাদের ইলেকশন সেলের একটি প্রতিবেদন।

------------------------------

লোকসভা নির্বাচনের ষষ্ঠ দফার জন্যে মনোনয়ন পত্র প্রত্যাহারের সময়সীমা আজ শেষ হয়েছে। এই দফায় পশ্চিমবঙ্গ সহ ৬ টি রাজ্য ও ২ টি কেন্দ্র শাসিত অঞ্চলের ৫৮

টি আসনে ভোট নেওয়া হবে ২৫ শে মে। এর মধ্যে রয়েছে পশ্চিমবঙ্গের ৮ টি আসন - পুরুলিয়া, বাঁকুড়া, বিষ্ণুপুর, মেদিনীপুর, ঝাড়গ্রাম কাথি, তমলুক ও ঘাটাল।

এদিকে, রাজ্যে পঞ্চম দফা লোকসভা নির্বাচনে ৮৮ জন প্রার্থী প্রতিদ্বন্দ্বিতীর আসরে রয়েছেন। এই দফায় বনগাঁ, ব্যারাকপুর, হাওড়া, উলুবেড়িয়া, শ্রীরামপুর, হুগলী ও আরামবাগ এই সাতটি আসনে ভোটগ্রহণ বিশে মে।

অন্যদিকে, সপ্তম দফা ভোটের জন্য মনোনয়ন পত্র দাখিলের কাজ চলেছে। এই পর্যায়ে কলকাতা উত্তর ও দক্ষিণ, যাদবপুর, ডায়মন্ডহারবার, মথুরাপুর, জয়নগর, বারাসাত, বসিরহাট ও দমদম এই ৯ টি আসনে ভোট নেওয়া হবে পয়লা জুন। ঐদিনই বরানগর বিধানসভা আসনের উপনির্বাচনেও ভোটগ্রহণ। মঙ্গলবার ১৪ ই মে পর্যন্ত প্রার্থীপদ দাখিল করা যাবে।

বসিরহাট লোকসভার কেন্দ্রে বিজেপি প্রার্থী রেখা পাত্র এবং বারাসাত আসনে ঐ দলেরই স্বপন মজুমদার আজ তাঁদের মনোনয়ন জমা দিয়েছেন।

অন্যদিকে বরানগর বিধানসভা আসন উপনির্বাচনের জন্য বিজেপির সজল ঘোষ ও সিপিআইএম-এর তন্ময় ভট্টাচার্য আজ প্রার্থীপদ দাখিল করেন।

কলকাতা দক্ষিণ লোকসভা আসনে তৃণমূল কংগ্রেস প্রার্থী মালা রয় এবং যাদবপুর আসনের ঐ দলের সায়নী ঘোষ আজ মনোনয়ন পেশ করেছেন।

------------------------------

প্রবীণ বিজেপি নেতা স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ, নির্বাচনী প্রচারে আগামীকাল আবার এরাজ্যে আসছেন। আসানাসোল লোকসভা কেন্দ্রের দলীয় প্রার্থীর সুরিন্দর সিং আলুওয়ালিয়ার সঙ্গে রানীগঞ্জের সিয়ারশোলে রোডশো করবেন তিনি।

বিজেপির প্রার্থীর সমর্থনে আজ বার্ণপুরে রোড শো করেন রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার।

এদিকে, তৃণমূল কংগ্রসেরে সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়ও আগামীকাল আসানসোলে দলের প্রার্থী শত্রুঘ্ন সিনহার সমর্থনে রোড শো করবেন। তাঁর আজ বর্ধমানে পূর্বের দলীয় প্রার্থীর সমর্থনে প্রচার কর্মসূচী থাকলেও, প্রাকৃতিক দুর্যোগের কারণে তিনি ভার্চুয়াল সভা করেন।

অন্যদিকে, কৃষ্ণনগর লোকসভা কেন্দ্রের বিজেপি প্রার্থী অমৃতা রায়ের সমর্থনে আজ নদীয়ার দেবগ্রামে রোড শো করেন অভিনেতা মিঠুন চক্রবর্তী।

------------------------------

ভোটের মুখে বহরমপুর থানার আই সি-কে সরিয়ে দিল নির্বাচন কমিশন। তাঁর জায়গায় নতুন আই সি-র নাম মুখ্য নির্বাচনী আধিকারিক বেছে নেবেন তিনজন যোগ্য অফিসারের তালিকা থেকে।

উল্লেখ্য, কংগ্রেসের পক্ষ থেকে কমিশনের কাছে বহরমপুর থানার আই সি-র বিরুদ্ধে পক্ষপাতমূলক আচরণের অভিযোগ করে অবিলম্বে তাঁকে সরানোর দাবি জানানো হয়।

------------------------------

ভোট মিটে যাওয়ার পর মুর্শিদাবাদের রানীনগরের মরিচা এলাকায় তৃণমূল কংগ্রেস কর্মীদের মারধর ও  পাল্টা পুলিশকে মারধরের অভিযোগ ঘিরে আজ উত্তেজনা ছড়ায়। সকালে মালিবাড়ি-১ নম্বর অঞ্চলের নিচুপাড়া এলাকায় তৃণমূল কংগ্রেসের এক কর্মীকে বাম কংগ্রেস জোটের সমর্থকরা হুমকি দেয় বলে অভিযোগ। তার পরিবারের সদস্যরা

থানায় লিখিত অভিযোগ দায়ের করলে পুলিশ ঘটনাস্থলে তদন্তে যায়। সেই সময় তৃণমূল কর্মীরাই পুলিশের ওপর চড়াও হয়। তাদের মারধর করে বলে অভিযোগ। এতে এক সাব ইন্সপেক্টর সহ তিন পুলিশ কর্মী আহত হন। তাদের প্রথমে স্থানীয় হাসপাতাল ও পুরে মুর্শিদাবাদ মেডিকেল কলেজ হা,পাতেল ভর্তি করা হয়েছে। পুলিশ মোট ৭ জনকে গ্রেপ্তার করেছএ। তাদের আগামীকাল আদালতে তোলা হবে।

পরে রানীনগর থানা থেকে বিশাল পুলিশ বাহিনী গিয়ে তৃণমূল কর্মীদের পাল্টা মারধর করে বলে দলের তরফে অবশ্য অভিযোগ করা হয়েছে।

এদিকে, লোকসভা নির্বাচনের প্রাক্কালে পূর্ব বর্ধমানের ভাতারে বাম শিবিরে ভাঙন ধরার খবর মিলেছে। সিপিআইএমের প্রাক্তন পঞ্চায়েত সমিতির সদস্য, ডি ওয়াই এফ আই-এর জোনাল কমিটির প্রাক্তন সদস্য বিকাশ চন্দ্র দাস আজ সপরিবারে তৃণমূল কংগ্রেসে যোগদান করেন। ভাতার ব্লক তৃণমূল কার্যালয়ে তাদের হাতে তৃণমূলের পতাকা তুলে দেন বিধায়ক মানগোবিন্দ অধিকারী।

------------------------------

ভোটের মুখে উত্তর ২৪ পরগনার গাইঘাটায় অত্যাধুনিক আগ্নেয়াস্ত্র সমেত এক দুষ্কৃতিকে পুলিশ গ্রেফতার করেছে। শ্যামল সরকার নামে বছর ৩৪-এর ওই যুবকের কাছ থেকে উদ্ধার হয়েছে, একটি স্বয়ংক্রিয় পিস্তল, এক রাউন্ডগুলি ও ম্যাগাজিন। তাকে আজ বনগাঁ মহকুমা আদালতে তোলা হলে ১৪ দিনের জেল হেফাজতে পাঠানো হয়।

------------------------------

পূর্ব বর্ধমানের জামালপুর থানার বাদপুর গ্রামে ভোটের প্রচারে গিয়ে তৃণমূল কংগ্রেস কর্মীকে মারধর ও কামড়ে তাঁর আঙুল কেটে নেওয়ার অভিযোগে বিজেপির পঞ্চায়েত সদস্যার স্বামীকে গ্রেপ্তার করেছে পুলিস।

অন্যদিকে, ঐ পঞ্চায়েত সদস্যার শ্লীলতাহানির অভিযোগে শাসকদলের এক কর্মীকে গ্রেপ্তার করা হয়েছে। ধৃতদের আজ বর্ধমান সিজেএম আদালতে তোলা হলে তদন্তে সহযোগিতার শর্তে তৃণমূল কর্মীর জামিন মঞ্জুর করা হয়ে।

এদিকে, পঞ্চায়েত সদস্যার স্বামীকে ১৪ মে পর্যন্ত বিচার বিভাগীয় হেফাজতের নির্দেশ দেওয়া হয়েছে।

------------------------------

সন্দেশখালি নিয়ে একের পর এক ভিডিও প্রকাশ্যে আসায় উত্তর ২৪ পরগনার এই দ্বীপ অঞ্চল এখন নির্বাচনী প্রচারের কেন্দ্রে। গত ফেব্রুয়ারিতে গণ আন্দোলনে উত্তাল হয়ে উঠেছিল সন্দেশখালি। সম্প্রতি ভাইরাল হয় সেখানকার দু-নম্বর ব্লকের বিজেপি মন্ডল সভাপতিকে নিয়ে একটি স্টিং অপারেশনের ভিডিও।যেখানে তাঁকে বলতে শোনা যায়, ধর্ষণের অভিযোগ সাজানো। এরপর আর একটি ভিডিও-য় অভিযোগকারিনীর মুখে শোনা যায়, তাকে কিছু না জানিয়েই সাদা কাগজে সই করানো হয়েছিল।

বিষয়টি নিয়ে তৃণমূল কংগ্রেস আজ নির্বাচন কমিশনের দ্বারস্থ হয়। দলের রাজ্যসভার সাংসদ সাগরিকা ঘোষ আজ নতুন দিল্লীতে কমিশনে দিয়ে এক চিঠি দিয়ে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর বিরুদ্ধ ফৌজদারি মামলার দায়ের করার আবোদন জানান। একইসঙ্গে ঐ ভিডিওতে নজরে আসা গঙ্গাধর কয়াল ও শান্তি দলুই-এর বিরুদ্ধেও ব্যবস্থা গ্রহণ করেত বলা হয়েছে।

তৃণমূলের অভিযোগ, বিজেপি, বিশেষ করে বিরোধী দলনেতা আরও কয়েকজনের সঙ্গে ধর্ষণের ভুয়ো অভিযোগ আনার ষড়ষন্ত্র করেছিলেন। ভোটের মধ্যে এত বড় ষড়যন্ত্র নিয়ে তদন্ত সহ বিভিন্ন ব্যস্থা গ্রহণের দাবি জানানো হয়েছে বলেও সাগরিকা পরে আজ সাংবাদিকদের জানান।

(বাইট সাগরিকা)

এই ইস্যুতে আজ সরব হন দলের সর্ব ভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক ব্যানার্জী।

(বাইট অভিষেক)

এদিকে, সন্দোশখালি নিয়ে যত ভিডিও প্রকাশষ করা হবে, সেখানে প্রতিবাদ ততটাই বৃদ্ধি পাবে বলে বিজেপি দাবি করেছে। কলকাতায় আজ এক সাংবাদিক বৈঠকে দলের রাজ্যসভার সাংসদ শমীক ভট্টাচার্য্য বলেছেন, এইভাবে ভিডিও তৈরি করে বা ভুয়ো বিবৃতি দিয়ে মানুষকে বিভ্রান্ত করা যাবে না। সন্দেশখালির যো সমস্ত প্রতিবাদী রাষ্ট্রপতির কাছে গিয়েছিলেন, তিনি তাদের চেনেন না বলে যে ভিডিওতে বিজেপির প্রার্থী রেখা পাত্রকে দাবি করতে দেখা যায়, সেই প্রসঙ্গে শমীক বাবু বলেন, ঐ ভিডিওটি যখনকার তখন রেখা তাদের প্রার্থী ছিলেন না।

(বাইট শমিক)

আজ আসানসোলের দলীয় প্রার্থীর সমর্থনে বার্নপুরে এক রোড শো-এ অংশ নেওয়ার পর বিজেপির রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার এপ্রসঙ্গে সাংবাদিকদের বলেন, সন্দেশখালির পাপ ঢাকার জন্য তৃণমূল কংগ্রেস অনেককিছু করছে।

(বাইট সুকান্ত)

অন্যদিকে, সন্দেশখালীতে যদি কিছু নাই হত, সেই ঘটনা নিয়ে হাইকোর্ট কেন সিবিআই তদন্তের নির্দেশ দিল, প্রদেশ কংগ্রেস সভাপতি সাংসদ অধীর রঞ্জন চৌধুরী সেই প্রশ্ন তুলেছেন।

(বাইট অধীর)

------------------------------

রাজ্যপাল সিভি আনন্দ বোসের বিরুদ্ধে ওঠা শ্লীলতাহানির অভিযোগের প্রেক্ষিতে আজ রাজভবনের তরফে দুটি সিসিসটিভি ফুটেজ সামনে আনা হয়। সাংবাদিক ছাড়াও পূর্ব ঘোষণা মতো ইচ্ছুক কয়েকজন সাধারণ মানুষকে ওই ফুটেজ দেখাতে কলকাতা রাজভবনে আমন্ত্রণ জানানো হয়েছিল। ঘণ্টা দেড়েকের ওই ভিডিও ফুটেজে মূলত রাজভবন চত্ত্বরে অভিযোগকারিনীর গতিবিধিই সামনে আনা হয়েছে। ফুটেজে তাঁকে গেটের কাছে পুলিশের আউট পোস্টে ঢুকতে দেখা যায়।

তৃণমূল কংগ্রেস এনিয়ে রাজ্যপালকে তীব্র কটাক্ষ করেছে। মহিলা তৃণমূল কংগ্রেসের প্রধান, রাজ্যের অর্থমন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্য বলেছেন, অভিযোগকারিনী মহিলা যা বলেছিলেন, ফুটেজে তাই দেখা যাচ্ছে। এটা সামনে এনে রাজ্যপাল কি প্রমাণ করতে চাইলেন, তা তাঁদের বোধগম্য নয়।

------------------------------

ঘূর্ণাবর্ত এবং অক্ষরেখার প্রভাবে রাজ্যের বিভিন্ন জেলায় আজ সারাদিনে ঝড়-বৃষ্টি হচ্ছে। আলিপুর আবহাওয়া দপ্তর জানিয়েছে, কলকাতা, উত্তর ও দক্ষিণ ২৪ পরগণা, হাওড়া, হুগলী, নদীয়া, দুই বর্ধমান, পুরুলিয়া, বাঁকুড়া, বীরভূম, পশ্চিম মেদিনীপুর ও ঝাড়গ্রাম জেলায় বজ্রবিদ্যুত্ সহ বৃষ্টিতে তাপমাত্রা অনেকটাই নেমে এসেছে। কিছু জায়গায় শিলাবৃষ্টিও হয়।

তবে বাতাসে জলীয় বাষ্পের পরিমাণ অনেক বেড়ে যাওয়ায় ঘর্মাত্মক গরমের অস্বস্তি অনুভূত হচ্ছে।

উত্তরবঙ্গের সব জেলা এবং মালদা ও দুই দিনাজপুর থেকেও বৃষ্টির খবর মিলেছে।

কলকাতায় আজ সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩২ ডিগ্রি সেলসিয়াস, স্বাভাবিকের তুলনায় যা তিন দশমিক ৭ ডিগ্রি কম।

আজ সকালে কলকাতায় সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ২৬ দশমিক ২ ডিগ্রী সেলসিয়াস, স্বাভাবিক।

----------------------------- -----------------------------